

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিনসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৩.১৭- ৩২৮

তারিখ ১০.০৫.২০১৮ খ্রি।

বিষয়: বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন শিবগঞ্জ ফাজিল মাদরাসার উপাধ্যক্ষকে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

সূত্রঃ (১) শিবগঞ্জ ফাজিল মাদরাসার স্মারক নং- উপাধ্যক্ষ এর আবেদন।

তারিখ: ২৭.১২.২০১৭ খ্রি।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬

তারিখ: ০৬.০৬.২০১১ খ্রি।

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪

তারিখ: ০৯.০৭.২০১২ খ্রি।

(৪) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/৪০৭৩

তারিখ: ০১.১১.২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, শিবগঞ্জ ফাজিল মাদরাসার উপাধ্যক্ষ কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারক মূলে একটি লিখিত অভিযোগ আবেদন এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. দাখিলকৃত অভিযোগ আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, মহোদয় (জনাব মো: আবু রায়হান, প্রভাষক, আরবি) কর্তৃক বর্ণিত মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব পরিচালিত হচ্ছে।

০৩. সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারক পত্রে উল্লিখিত হয়েছে যে, কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান (অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার) না থাকলে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন" (কপি সংযুক্ত)।

০৪. সূত্রোক্ত ৪ নং স্মারক পত্রেও উপাধ্যক্ষের অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে উল্লিখিত হয়েছে (কপি সংযুক্ত)।

০৫. উল্লেখ্য যে, বর্ণিত মাদরাসা কর্তৃক এ অধিদপ্তরে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত শিক্ষক তালিকা পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত মাদরাসার উপাধ্যক্ষ পদে জনাব মো: দেলোয়ার হোসেন দায়িত্বরত থাকা সত্ত্বেও কনিষ্ঠ শিক্ষক হিসেবে মহোদয় (জনাব মো: আবু রায়হান, প্রভাষক, আরবি) বর্ণিত মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করছেন যা সূত্রোক্ত ২, ৩ ও ৪ নং স্মারক আদেশ এর সুস্পষ্ট লংঘন (Violation) মর্মে প্রতীয়মান হয়।

০৬. মাদরাসাটির একাডেমিক ও প্রশাসনিক শৃংখলা রক্ষার জন্য, সর্বোপরি শিক্ষা মন্ত্রণালয়ের ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত মাদরাসাটির উপাধ্যক্ষ-কে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব হস্তান্তর প্রয়োজন।

০৭. এমতাবস্থায় শিবগঞ্জ ফাজিল মাদরাসায় অধ্যক্ষ দায়িত্ব প্রাপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ২ ও ৩ নং স্মারক আদেশ এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সূত্রের ৪ নং স্মারক আদেশ অনুসরণপূর্বক উপাধ্যক্ষ-কে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে আগামি ২২.০৫.২০১৮ খ্রি: তারিখের মধ্যে দায়িত্ব হস্তান্তর করে এ অধিদপ্তরকে অবহিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: বর্ণনা মতে - ০২ ফর্দ।

10.05.18

(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৬৭

ই-মেইল- dgdmeb.@gmail

১. জনাব মো: আবু রায়হান, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), শিবগঞ্জ ফাজিল মাদরাসা
শিবগঞ্জ, বগুড়া।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, পরিবহনপুল, ৯ম তলা, ঢাকা।

২. সভাপতি, শিবগঞ্জ ফাজিল মাদরাসা।

৩. জেলা শিক্ষা অফিসার, বগুড়া।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবগঞ্জ, বগুড়া।

৫. অফিস কপি।